শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৭৫.২১.২৬২

তারিখ: ৬ আষাঢ় ১৪২৮
২০ জুন ২০২১

বিষয়: রিট পিটিশন নং-৭৪১০/২০২১ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গহণক্রমে টিএমইডি-কে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মহামান্য হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ৭৪১০/২০২১ এর রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭৪১০/২০২০ মামলাটির বিবরণ নিম্নরূপ-

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্টস	মামলা দায়েরের কারণ/বিষয়
৭৪১০/২০২০	জনাব এস এম আনোয়ার, সুপার. চর ভবানীপুর দাখিল মাদ্রাসা, সদর, পাবনা।	সচিব শিক্ষা মন্ত্রণালয়, চেয়ারম্যান, বিএমইবি ও আরো অন্যান্যসহ মোট ১০ (দশ) জন।	আর্জি পর্যালোচনায় দেখা যায় যে, পাবনা জেলার সদর উপজেলাধীন চর ভবানীপুর দাখিল মাদ্রাসা'র এবতেদায়ী, জেডিসি ও দাখিল পরীক্ষার কেন্দ্র পাবনা কামিল (আলিয়া) মাদ্রাসা (কেন্দ্র কোড-৩০০) হতে কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলাধীন কুমারখালী ইসলামিয়া ফাজিল মাদ্রাসা'য় (কোড ৫০১) পরিবর্তন করার জন্য জেলা শিক্ষা অফিসার, পাবনা, উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর ও জেলা প্রশাসক, পাবনা এর মাধ্যমে সুপারিশসহ চেয়ারম্যান, বামাশিবো বরাবর আবেদন করা হয়। উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় উক্ত বিষয়ে সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে প্রতিষ্ঠানের সুপারিনটেনডেন্ট কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৪১০/২০২০ মামলা দায়ের করা হয়।

০২। উক্ত রিট মামলাটি গত ২৭/০১/২১ তারিখে মহমান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রুল শুনানি করে পিটিশনার এর প্রতিষ্ঠানের এবতেদায়ী, জেডিসি ও দাখিল পরীক্ষার কেন্দ্র পাবনা কামিল (আলিয়া) মাদ্রাসা (কেন্দ্র কোড-৩০০) হতে কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলাধীন কুমারখালী ইসলামিয়া ফাজিল মাদ্রাসা'য় (কোড ৫০১) পরিবর্তন না করা কেন বে-আইনি ঘোষণা করা হবে না; এবং পিটিশনার এর প্রতিষ্ঠানের এবতেদায়ী, জেডিসি ও দাখিল পরীক্ষার কেন্দ্র পাবনা কামিল (আলিয়া) মাদ্রাসা (কেন্দ্র কোড-৩০০) হতে কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলাধীন কুমারখালী ইসলামিয়া ফাজিল মাদ্রাসা'য় (কোড ৫০১) পরিবর্তন করা জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না, সেমর্মে ২৪/০২/২০২১ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। উল্লেখ্য- বর্ণিত রিট মামলাটি বামাশিবো সংশ্লিষ্ট এবং দাখিল পরীক্ষা কেন্দ্র পরিবর্তন করার কার্যক্রমটি বামাশিবো কর্তৃক সম্পন্ন করা হয়ে থাকে বিধায় চেয়ারম্যান, বামাশিবো কর্তৃক আলোচ্য মামলাটি সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ মহামান্য হাইকোর্টে জবাব (Affidavit in opposition) দাখিল করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে রিট পিটিশন নং-৭৪১০/২০২০ মামলায় ২৭/০১/২০ তারিখের নির্দেশনা অনুযায়ী মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব (Affidavit in opposition) দাখিলকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডি-কে অবহিত করার নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০-৬-২০২১
মোঃ নুরুল ইসলাম শেখ
সহকারী সচিব
ফোন: ৪১০৫০১৫৭

চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৭৫.২১.২৬২/১(৩)

তারিখ: ৬ আষাঢ় ১৪২৮ / ২০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) সিস্টেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৩) ব্যক্তিগত কর্মকর্তা, মাদ্রাসা অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২০-৬-২০২১
মোঃ নুরুল ইসলাম শেখ
সহকারী সচিব